

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট

সভাপতি মোঃ মুনজুরুল আলম
পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)
সভার তারিখ ০৩ জুন ২০২১ খ্রিস্টাব্দ
সভার সময় বেলা ১১.০০ টা
স্থান সভাকক্ষ, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
উপস্থিতি উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট “ক”-তে দেওয়া হল।

“সভার আলোচ্য বিষয়সমূহ”


- ০১। নিজ অফিসের সেবা সহজীকরণ অথবা সেবায় ইনোভেশন;
০২। উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন অগ্রগতি;
০৩। বিবিধ।

ইনস্টিটিউটের পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) ও ইনোভেশন অফিসার সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।
উপস্থিত সকলের অংশগ্রহণে পুঞ্জানুপুঞ্জ আলোচনা-পর্যালোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৩	৪	৫
১.	নিজ অফিসের সেবা সহজীকরণ অথবা সেবায় ইনোভেশন	জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের সেবা সহজীকরণ অথবা সেবায় ইনোভেশন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন মূল্যায়ন বিষয়ে আলোচনা হয়।	ইনস্টিটিউটের কর্মপরিকল্পনা (ক্যালেন্ডার) অনুযায়ী উদ্ভাবনী উদ্যোগগুলো নির্ধারিত সময়ে বাস্তবায়ন করতে হবে।	ইনোভেশন টিম
২.	উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন অগ্রগতি;	নিম্নোক্ত উদ্যোগগুলো নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়ঃ ১) অনলাইনে (Zoom Application ব্যবহার করে) ২৪ (চব্বিশ) টি সভা, সেমিনার ও কর্মশালা আয়োজন। ২) অনলাইনে Website, Training Management System Software এবং Facebook Group ও Page ব্যবহার করে ০২ (দুই) টি প্রশিক্ষণ পাঠ্যধারা (২/৩/৪ সপ্তাহ মেয়াদী) আয়োজন। ৩) Video Conferencing-এর মাধ্যমে প্রশিক্ষণ পাঠ্যধারায় প্রশিক্ষণার্থী নির্বাচনের সাক্ষাৎকার গ্রহণ।	আলোচনায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ ১) বর্তমান Covid-19 পরিস্থিতিতে শ্রেণি কক্ষে উপস্থিত হয়ে সভা, সেমিনার ও কর্মশালা আয়োজন বৃকিপূর্ণ বিধায় ভারুয়াল পরিবেশে অনলাইনে সভা, সেমিনার ও কর্মশালা আয়োজন করতে হবে। যেন প্রশিক্ষণার্থীগণ যে কোন স্থান থেকে অংশগ্রহণ করতে পারেন। এ কার্যক্রম চলমান রাখতে হবে। ২। বর্তমান Covid-19 পরিস্থিতিতে শ্রেণি কক্ষে উপস্থিত হয়ে প্রশিক্ষণ পাঠ্যধারা আয়োজন বৃকিপূর্ণ বিধায় ভারুয়াল পরিবেশে অনলাইনে প্রশিক্ষণ পাঠ্যধারা আয়োজন করতে হবে। এ কার্যক্রম চলমান রাখতে হবে। ৩। Video Conferencing-এর মাধ্যমে প্রশিক্ষণ পাঠ্যধারায় প্রশিক্ষণার্থী নির্বাচনের সাক্ষাৎকার গ্রহণের ব্যবস্থা করতে হবে। এ কার্যক্রম চলমান রাখতে হবে।	ইনোভেশন টিম এবং বিভিন্ন পাঠ্যধারার সমন্বয়কারী/পাঠ্যধারা পরিচালক

৩.	ইনোভেশন টিম পূর্ণগঠন	ইনোভেশন টিম পূর্ণগঠনের বিষয়ে আলোচনা হয়।	আলোচনায় বর্তমান ইনোভেশন টিমের কয়েকজন কর্মকর্তা পদোন্নতি ও বদলি হওয়ায় ইনোভেশন টিম পূর্ণগঠন করা হয়েছে। ইনোভেশন টিমের কার্যক্রম গতিশীল করতে হবে।	ইনোভেশন টিম
৪.	উদ্ভাবন খাতে বরাদ্দ	উদ্ভাবন খাতে (কোড নং ৩২৫৭১০৫) বরাদ্দ বিষয়ে আলোচনা হয়।	উদ্ভাবন খাতে বরাদ্দের জন্য কোড খোলার জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা করা হয়েছে। মন্ত্রণালয় থেকে এ বিষয়ে কোড না খোলার পত্র প্রেরণ করেছে। পরবর্তী বছরে আবার এ কার্যক্রম গ্রহণ করতে হবে।	অর্থ শাখা
৫.	স্বীকৃতি বা প্রণোদনা প্রদান	উদ্ভাবকগণকে প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/সনদপত্র /ফ্রেস্ট/ পুরস্কার প্রদান এবং দেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ /নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণের বিষয়ে আলোচনা হয়।	উদ্ভাবকগণকে প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/সনদপত্র /ফ্রেস্ট/ পুরস্কার প্রদান এবং দেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ /নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণের বিষয়ে মহাপরিচালক মহোদয়ের সাথে আলোচনা হয়েছে। উদ্ভাবকগণকে প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/সনদপত্র /ফ্রেস্ট/ পুরস্কার প্রদান করতে হবে।	ইনোভেশন টিম

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


মোঃ মুনজুরুল আলম
পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)

স্মারক নম্বর: ১৫.৫৫.০০০০.৩০৫.০৬.০০১.২০.

৮৪১ (৫)

৩ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক মহোদয়ের পিএ, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২) উপ-পরিচালক (বেতার প্রকৌশল প্রশিক্ষণ), জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট।
- ৩) উপ-পরিচালক (দ. রে. প্রশিক্ষণ), জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট।
- ৩) প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট।
- ৪) গবেষণা কর্মকর্তা, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট।
- ৫) অফিস কপি।